দৈনিক ইত্তেফাক

তারিখ 14 MAY 1992
পৃষ্ঠা ২ কলাম ৪

22

6
257

# মইনুল ছাত্রলীগ সভাপতি, রহীম সাধারণ সম্পাদক

ইত্তেফাক রিপোর্ট ॥ ছাত্রলীগের (আ-অ) তরুণ নেতৃত্ব চূড়ান্ত করা হইয়াছে। ২৭ বছরের উপরের সারির কোন নেতাই নেতৃত্ব পায় নাই। কেন্দ্রীয় কমিটির সভাপতি (১১শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## মাইনুল

( ১ম পৃঃ পর )

পদে মইনুদ্দিন হাসান চৌধুরী মইনুল এবং সাধারণ সম্পাদক পদে ইকবালুর রহীম দায়িত্ব পাইয়াছেন। মাইনুল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজীতে মাষ্টার্স পাস করিয়াছেন। তিনি ছাত্রলীগের সাবেক কমিটির একজন সদস্য ছিলেন। ইকবাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগে মাষ্টার্স পরীক্ষা দিয়াছেন। তিনি বিলুপ্ত জাতীয় ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক ছিলেন। নূতন কমিটির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি পদে খিজির হায়াত লিজু, সাধারণ সম্পাদক পদে পংকজ নাথ দায়িত্ব পাইয়াছেন। লিজু ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্র বিজ্ঞান, পংকজ অংক বিভাগের (মাষ্টার্স) ছাত্র। গতকাল রাত সাড়ে ১১টায় আওয়ামী লীগ অফিসের সম্মুখে বিদায়ী সভাপতি শাহে আলম নূতন কমিটি ঘোষণা করেন। বিদায়ী সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল, ছাত্রনেতা জাহাঙ্গীর সাত্তার টিংকু, কামাল হোসেন এই সময় উপস্থিত ছিলেন। ঢাকা মহানগর শাখাকে উত্তর ও দক্ষিণ এই দুইভাগে ভাগ করা হইয়াছে। আজ (বৃহস্পতিবার) পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হইবে। জানা যায়, ছাত্রলীগের 'ওকে' কমিটি সম্ভাব্য সভাপতি পদে ১৬ জন ও সাধারণ সম্পাদক পদে ৩২জনের নাম প্রস্তাব করিয়াছিলেন।